ঢাকা ওয়াসা

বিষয় : কর্তৃপক্ষের কাজের স্বার্থে উপ-প্রধান (পরিকল্পনা) এর অনুকূলে একটি মোবাইল হ্যান্ডসেট অনুমোদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সদয় জানানো যাচ্ছে যে, পরিকল্পনা, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ ঢাকা ওয়াসার অতীব গুরুত্বপূর্ণ একটি বিভাগ। ঢাকা ওয়াসার উন্নয়ন সংশ্লিষ্ট সকল কার্যক্রম এ বিভাগ থেকে পরিকল্পনা ও মনিটরিং করা হয়ে থাকে। কর্তৃপক্ষের কাজের স্বার্থে উপ-প্রধান (পরিকল্পনা) কে প্রায় সময় প্রশাসনিক মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন, অর্থনৈতিক সম্পর্ক বিভাগে ঢাকা ওয়াসার বিভিন্ন উন্নয়ন প্রকল্প সংক্রান্ত সভায় যোগদান পূর্বক বিভিন্ন প্রয়োজনে প্রয়োজনীয় ব্যক্তিবর্গের সাথে যোগাযোগ রক্ষা করতে হচ্ছে। প্রকল্পের অর্থ বরাদ্দ, অর্থছাড় বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন ও অর্থমন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে যোগাযোগ করতে হয় এবং ই-মেইলে চিঠিপত্র আদান প্রদান করতে হয়। তাছাড়া প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম মনিটরিং এর সুবিধার্থে প্রকল্প পরিচালকগণের সাথেও তাঁকে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করতে হয়। এছাড়া বিভিন্ন জরুরি প্রয়োজনে তাৎক্ষণিক সিদ্ধান্ত গ্রহণের ব্যাপারে ব্যবস্থাপনা পরিচালক ও উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সাথেও যোগাযোগের প্রয়োজন পড়ে। বর্তমানে উপ-প্রধান (পরিকল্পনা) কর্তৃক ব্যবহৃত, ২০১৬ সালে ক্রয়কৃত, HUAWEI Smart Phone Handset (মডেল - Y6) অফিসিয়াল মোবাইলটি অনেক পুরাতন হওয়ায় যোগাযোগের সমস্যা হচ্ছে। অনেক সময় অফিসের প্রয়োজনে পথ-মধ্যে ডাটা ব্যবহার করে দাপ্তরিক কার্যাদিও সম্পন্ন করবার প্রয়োজন পড়ে। ফোনটিতে বর্তমানে Whatapps, Messenger এরও ব্যবহার প্রয়োজন হচ্ছে ; যা সঠিকভাবে কাজ করছে না। তাছাড়া, ব্যবহৃত উক্ত মডেলটি বাজার থেকে প্রায় দুস্প্রাপ্য হয়ে পড়েছে। ফলতঃ পুরাতন মোবাইল ফোনটি পরিবর্তন প্রয়োজন হয়ে পড়েছে।

২। এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে উপ-প্রধান (পরিকল্পনা) জনাব ফজলে রাব্বি মোহাম্মদ আহ্সান এর অনুকূলে ভালমানের একটি মোবাইল হ্যান্ডসেট অস্থায়ী অগ্রিমের মাধ্যমে ক্রয়ের জন্যে **৳-১৯,০০০/- (উনিশ হাজার)** টাকা উপ-ব্যবস্থাপনা পরিচালক (গবেষণা, পরিকল্পনা ও উন্নয়ন) মহোদয়ের সদয় অনুমোদনের জন্য পেশ করা হল। উল্লেখ্য, উপ-ব্যবস্থাপনা পরিচালক (গবেষণা, পরিকল্পনা ও উন্নয়ন) মহোদয় ২৫,০০০/- (পচিঁশ হাজার) টাকা পর্যন্ত অস্থায়ী অগ্রিম অনুমোদন করতে পারেন।

RA-I

মোছাঃ দিল গুলরুখ নাহার
গবেষণা সহকারী
পরিকল্পনা, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
ঢাকা ওয়াসা

RO-I

মোঃ মোকলেছুর রহমান
গবেষণা কর্মকর্তা
পরিকল্পনা, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
ঢাকা ওয়াসা।

Sanjoy Chandra Talukder
Assistant Chief (Planning)
Planning, Monitoring & Evaluation Division
Dhaka WASA

ফজলে রাব্বি মোহাম্মদ আহ্সান
উপ-প্রধান
পরিকল্পনা, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
ঢাকা ওয়াসা

D/D(P)

ACE মহোদয়

DMD(RPD) স্যার

৩। প্রস্তাব মতে।

প্রকৌ. কামরুন নাহার লায়লী
অতিরিক্ত প্রধান প্রকৌশলী
গবেষণা, পরিকল্পনা ও উন্নয়ন
ঢাকা ওয়াসা।

ড. মোঃ মিজানুর রহমান
উপ-ব্যবস্থাপনা পরিচালক (গবেষণা, পরিকল্পনা ও উন্নয়ন)
ঢাকা ওয়াসা।